# ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা

# 2023

**মাধ্যমিক স্তরঃ পর্যায় - 1**
**ক্লাস - নবম এবং দশম**



অক্টোবর২০২৪

কার্তিক ১৯৪৬

©জাতীয় শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ, ২০২৪

₹১১৫.০০

জাতীয় শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদের সচিব কর্তৃক শ্রী অরবিন্দ মার্গ , নয়াদিল্লী - 110016 তে অবস্থিত প্রকাশনা বিভাগ থেকে প্রকাশিত এবং পুষ্পক প্রেস প্রাইভেট লিমিটেড, বি -3/1, অখলা ইন্ডাসট্রিয়াল এরিয়া, ফেজ-2, নয়াদিল্লী - 110020 থেকে মুদ্রিত।

# মুখবন্ধ

সর্বশিক্ষা মিশন, পশ্চিমবঙ্গ সরকারের রাজ্য প্রকল্প অধিকর্তা মহাশয়ের 15/05/25 তারিখের 374/Pedagogy/PBSSM/2024-25 নং পত্র অনুসারে রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ বিদ্যালয়ের মধ্যবর্তী, মাধ্যমিক (প্রথম ও দ্বিতীয় পর্যায়) স্তরে ব্যবহারের জন্য ভারতীয় ন্যায় সংহিতা (BNS) 2023, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা (BNSS) 2023, ও ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম (BSA) 2023 এই তিনটি নতুন আইন সংক্রান্ত শিক্ষা বিষয়ক নয়টি মডিউল বাংলায় অনুবাদ করার দায়িত্ব পায়। রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ এর মাননীয়া অধিকর্তা মহাশয়ার তত্ত্বাবধানে ও সম্পাদনায় এবং রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদের গবেষক শ্রী সুব্রত কুমার বিশ্বাস ও শ্রীমতী পারমিতা বালা বিশ্বাসের সঞ্চালনায় সম্পন্ন ব্যক্তিদের দ্বারা সংক্ষিপ্ত সময়ের মধ্যে স্পষ্ট ও সহজ বাংলায় মডিউলগুলির অনুবাদ কার্য সুসম্পন্ন হয়েছে। এই কাজে যুক্ত সকল ব্যক্তির আন্তরিকতা, অধ্যাবসায় ও পেশাদারিত্ব কাজটি যথাসময়ে শেষ করতে সাহায্য করেছে। অনুবাদ কার্যের জন্য যাঁরা সহযোগিতা করেছেন তাঁদের রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ, পশ্চিমবঙ্গ এর পক্ষ থেকে আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাই। এই সম্মিলিত প্রচেষ্টার ফলস্বরূপ শিক্ষার্থীদের কাছে নতুন আইনগুলির জ্ঞান সরল ও বোধগম্য রূপে উপস্থাপন করা সম্ভব হবে।

**ড: ছন্দা রায়**
অধিকর্তা
রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ (প. ব.)

# বাংলা তর্জমার বিশেষজ্ঞ মণ্ডলী

1. শ্রী গৌতম ভট্টাচার্য, গবেষক, রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ, পশ্চিমবঙ্গ - অনুবাদক

2. শ্রীমতী অনসূয়া রায়চৌধুরী, গবেষক, রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ, পশ্চিমবঙ্গ - অনুবাদক

3. শ্রীমতী উমাবতী হেমব্রম, গবেষক, রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ, পশ্চিমবঙ্গ - সহ সহকারী সঞ্চালক

4. শ্রী সৌরভ মণ্ডল, অধ্যাপক, জেলা শিক্ষা ও প্রশিক্ষণ সংস্থা, উত্তর ২৪ পরগণা

5. শ্রী তমাল কৃষ্ণ ভোঁড়, অধ্যাপক,জেলা শিক্ষা ও প্রশিক্ষণ সংস্থা, মুর্শিদাবাদ

6. ডঃ প্রদীপ কুমার বসু, প্রধান শিক্ষক (অবসরপ্রাপ্ত), হিন্দু স্কুল, কলকাতা

7. শ্রী সুমন শুর, অধ্যাপক, জেলা শিক্ষা ও প্রশিক্ষণ সংস্থা, বর্ধমান

8. এস কে আশ্রফ আলী, অধ্যাপক,জেলা শিক্ষা ও প্রশিক্ষণ সংস্থা, ঝাড়গ্রাম

9. শ্রীমতী নন্দিতা দত্ত, বরিষ্ঠ অধ্যাপক,জেলা শিক্ষা ও প্রশিক্ষণ সংস্থা, বাঁকুড়া

10. ডঃ চন্দন মিশ্র, প্রধান শিক্ষক, রঘুনাথপুর নফর একাডেমি (উঃ মাঃ), অভয়নগর, হাওড়া


11. ডঃ কৌস্তভ ভট্টাচার্য, সহযোগী অধ্যাপক, বাবা সাহেব আম্বেদকর শিক্ষা বিশ্ববিদ্যালয়

12. ডঃ সোমনাথ চ্যাটার্জী, প্রধান শিক্ষক, চন্দননগর কানাইলাল বিদ্যামন্দির (ফরাসি বিভাগ)

13. শ্রী সন্দীপন ঘোষ, অধ্যাপক, ধর্মদা সরকারী প্রাথমিক শিক্ষক শিক্ষণ সংস্থা, নদীয়া

14. শ্রী অভিজিৎ দাসগুপ্ত, ভারপ্রাপ্ত শিক্ষক, নারায়ণপুর উচ্চ বিদ্যালয় (উঃ মাঃ), উত্তর ২৪ পরগণা

# ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা, 2023




মাধ্যমিক স্তরঃ পর্যায় - ১

ক্লাস - নবম এবং দশম

राष्ट्रीय शैक्षिक अनुसंधान और प्रशिक्षण परिषद्

NATIONAL COUNCIL OF EDUCATIONAL RESEARCH AND TRAINING

# ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা (BNSS)- 2023



## শিখন ফলাফল :

এই মডিউল টি পড়ার পর শিক্ষার্থী সক্ষম হবে :

- ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার গুরুত্বাপূর্ণ বৈশিষ্ট্যগুলি ব্যাখ্যা করতে
- ভারতে নতুন ফৌজদারি বিচারের জন্য প্রাতিষ্ঠানিক ব্যবস্থা চিহ্নিত করতে
- ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা উপর শিক্ষণ-শিক্ষা উপকরণ তৈরী করতে
- ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা গুরুত্বপূর্ণ উৎস সংগ্রহ এবং শ্রেণিবদ্ধ করতে

## ভূমিকা

ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা (BNSS), 2023 - এর উপর এই মডিউলটি শিক্ষা ব্যবস্থার সকল অংশীদারদের BNSS প্রণয়নের উদ্দেশ্য বুঝতে সাহায্য করবে যা 1973 সালের ফৌজদারি কার্যবিধি (The Criminal Procedure Code, CrPc) প্রতিস্থাপনের জন্য প্রবর্তিত একটি আইনী সংস্কার। ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা - এর লক্ষ্য ভারতে ফৌজদারি বিচার ব্যবস্থা পরিচালনাকারী পদ্ধতিগত আইনগুলিকে আধুনিকীকরণ এবং উন্নত করা এবং সমসাময়িক চাহিদার প্রতি প্রতিক্রিয়াশীল করে তোলা। BNSS হল একটি পদ্ধতিগত আইন যা ভারতে ফৌজদারি অপরাধের তদন্ত এবং বিচারের প্রক্রিয়ার রূপরেখা দেয়। এটি একটি বিস্তৃত আইন যা ফৌজদারি মামলা নিবন্ধনের দিক থেকে আদালাত কর্তৃক রায় প্রদান পর্যন্ত ফৌজদারি কার্যধারার সমস্ত দিককে অন্তর্ভুক্ত করে।





## যুক্তি সংগত ব্যাখ্যা

এই মডিউলের পরে শিক্ষার্থীরা বুঝতে পারবে যে ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা (BNSS) - এর মূল লক্ষ্য হল ফৌজদারি মামলার তদন্ত এবং অপরাধীদের বিচারের জন্য একটি কার্যকরী ব্যবস্থা প্রদান করা এবং অভিযুক্তদের অধিকার সুরক্ষিত করা।

ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা ফৌজদারি অপরাধ তদন্তের জন্য স্পষ্ট নির্দেশিকা রূপরেখা দেয় যার মধ্যে রয়েছে তদন্তকারী কর্মকর্তাদের ক্ষমতা ও কর্তব্য, সন্দেহভাজন এবং সাক্ষীদের অধিকার এবং প্রমাণ সংগ্রহ ও সংরক্ষণের পদ্ধতি। শিক্ষার্থীরা ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার নিম্নলিখিত যুক্তি বুঝতে সক্ষম হবেঃ

- সুষ্ঠু, স্বচ্ছ এবং দ্রুত তদন্ত ও বিচার পদ্বতির মাধ্যমে ভারতের ফৌজদারি বিচার ব্যবস্থাকে রূপান্তরিত করা। BNSS ফৌজদারি অপরাধের তদন্তের জন্য স্পষ্ট নির্দেশিকা রূপরেখা দেয় যার মধ্যে রয়েছে তদন্তকারী কর্মকর্তাদের ক্ষমতা ও কর্তব্য, সন্দেহভাজন এবং সাক্ষীদের অধিকার এবং প্রমান সংগ্রহ ও সংরক্ষণের পদ্ধতি
- শাস্তির চেয়ে ন্যায়বিচারের উপর দৃষ্টি নিবদ্ধ করে নাগরিকদের অধিকার রক্ষা করা।
- সুরক্ষা ব্যবস্থা জোরদার করা যেমন আইনি সহায়তা প্রদান করা।
- সাইবার অপরাধের মতো নতুন অপরাধ মোকাবেলা করা এবং আদালতের কার্যক্ষমতার মধ্যে বৈদ্যুতিন প্রমান গ্রহনের অনুমতি দেওয়া। এটি বিচার, আপিলের জন্য প্রযুক্তির ব্যবহার এবং কা র্যক্রমের জন্য ভিডিও-কনফারেন্সিংয়ের (Video-Conferencing) - অনুমতি প্রদানকে উৎসাহিত করা।
- ঔপনিবেশিক যুগের আইন প্রতিস্থাপন করা।
- অন্যায়কারীদের শাস্তি দেওয়া।
- সমাজে আরও অপরাধ সংঘঠিত হওয়া রোধ করা।
- মানুষের, বিশেষ করে অপরাধীদের আচরণ নিয়ন্ত্রন করা।
- আক্রান্তের জন্য সহায়তা প্রদান করা।
- অপরাধীদের সঠিক পথে নিয়ে আসা এবং পুনর্বাসন দেওয়া।
- সাধারন মানুষের মনে কোনও অপরাধমূলক কার্যকলাপে লিপ্ত না হওয়ার জন্য নিরুৎসাহিত করা।
- BNSS - এর সবচেয়ে বড় লক্ষ্য হল বর্তমান ফৌজদারি কার্যবিধি ব্যবস্থার বিদ্যমান ফাঁকফোকরগুলির মাধ্যমে সম্ভাব্য পদ্ধতির অন্যান্য শোষণ থেকে নাগরিকদের সুরক্ষা প্রদান করা।

| তিনটি বিলের (Bills) - এর ধারণ | | |
|---|---|---|
| ভারতীয় দণ্ডবিধি (Indian Penal Code (IPC) 1860 প্রতিস্থাপিত হয়েছে - ভারতীয় ন্যায় সংহিতা (দ্বিতীয়) বিল 2023 - এর দ্বারা এতে ৩৫৮ টি ধারা থাকবে, (IPC - র ৫১১ টি ধারার পরিবর্তে) | ফৌজদারি কার্যবিধি (Code of Criminal Procedure (CrPc) 1973 প্রতিস্থাপিত হয়েছে ভারতীয় নাগরিক সুরক্ষা (দ্বিতীয়) সংহিতা 2023 ধারা এতে ৫৩১ টি ধারা থাকবে (CrPc - এর ৪৮৪ টি ধারার পরিবর্তে) | ভারতীয় প্রমাণ আইন (Indian Evidence Act) 1872 প্রতিস্থাপিত হয়েছে ভারতীয় সাক্ষ্য (দ্বিতীয়) বিল, 2023 দ্বারা, এতে 190 টি ধারা থাকবে (IEA -এর, ১৬৬ টি ধারার পরিবর্তে) |

উৎস: https://www.iasgyan.in/rstv/perspective-special-biggest-reform-in-criminal-laws-a-game-changer






## স্থিতিশীল উন্নয়নের লক্ষ্যমাত্রা (Sustainable Development Goals (SDG)

স্থিতিশীল লক্ষ্যমাত্রার মধ্যে শিক্ষার্থীর কল্যাণ এবং ফৌজদারি বিচার ব্যবস্থার সাথে সম্পর্কিত বিষয়গুলিরও অন্তর্ভুক্ত রয়েছে এবং ভারত এই লক্ষ্যগুলি আইনের জন্য প্রতিশ্রুতিবদ্ধ, বিশেষ করে নিম্নলিখিত বিষয়গুলি

- SDG 3: "সকল বয়সের সকলের জন্য সু স্থ জীবন নিশ্চিত করা এবং কল্যাণ প্রচার করা"।

- SDG 4: 'সকলের জন্য অন্তর্ভুক্তিমূলক এবং গুণ মানসম্পন্ন শিক্ষা নিশ্চিত করা এবং আজীবন শিক্ষার প্রচার করা, মানবাধিকার সম্পর্কে জ্ঞান এবং দক্ষতার গুরুত্ব এবং শান্তি ও অহিংসার সংস্কৃতির প্রচার তুলে ধরা' এবং শিক্ষার্থী লিঙ্গ এবং প্রতিবন্ধ-সংবেদনশীল সুযোগ -সুবিধা এবং সকলের জন্য নিরাপদ , অহিংসা, অন্তর্ভুক্তিমূলক এবং কার্যকরী শিক্ষার পরিবেশের ব্যবস্থা করা।
- SDG 16: SDG 16, যার লক্ষ্য "স্থিতিশীল উন্নয়েনের জন্য শান্তিপূর্ণ এবং অন্ত র্ভুক্তিমূলক সমাজকে উন্নীত করা , সকলের জন্য ন্যায়বিচারের ব্যবস্থা প্রদান করা এবং সকল স্তরে কার্যকলাপ, জবাবদিহিমূলক এবং অন্ত র্ভুক্তিমূলক প্রতিষ্ঠান গড়ে তোলা"। SDG 16 অর্জনের জন্য বিশ্বব্যাপী ফৌজদারি বিচার ব্যবস্থার সংস্কার ও শক্তিশালীকরণ প্রচেষ্টা প্রয়োজন, যাতে আয়, লিঙ্গ, বয়স, অক্ষমতা বা অন্য কোনও অবস্থা নির্বিশেষে সকলের জন্য ন্যায্য, কার্যকর

  এবং প্রবেশ অধিকারের যোগ্যতা নিশ্চিত করা




সূত্রঃ https://www.iasexpress.net/criminal-justice-system-india/





# ভারতে ফৌজদারি বিচার ব্যবস্থার প্রসঙ্গিকতা

- ভারতীয় BNSS - এর প্রাথমিক উদ্দেশ্য হল ফৌজদারি অপরাধ নিয়ন্ত্রনকারী আইনের অধীনে প্রদত্ত অপরাধের জন্য গ্রেপ্তার, তদন্ত এবং অপরাধের বিচারের পদ্ধতি নিয়ন্ত্রন করা।
- ফৌজদারি বিচার ব্যবস্থা হল আইন, প্রক্রিয়া এবং প্রতিষ্ঠানের সমষ্টি যা সকল মানুষের অধিকার এবং নিরাপত্তা নিশ্চিত করার সাথে সাথে অপরাধ প্রতিরোধ, সনাক্তকরণ এবং শাস্তি প্রদান করে।
- এর মধ্যে পুলিশ বাহিনী , বিচার বিভাগ, আইনসভা এবং ফরেনসিক এবং তদন্ত সংস্থাগুলির মতো অন্যান্য সহায়ক সংস্থা অন্তর্ভুক্ত রয়েছে।
- ভারতীয় ফৌজদারি বিচার ব্যবস্থায় অপরাধ সংঘঠিত হওয়ার পরে এবং থানায় একটি FIR (First Information Report প্রথম তথ্য প্রতিবেদন) দায়ের করার পরে, বিচারের সাথে জড়িত পদক্ষেপগুলি নিম্নরূপঃ
    - ম্যাজিস্ট্রেট অভিযুক্তের বিরুদ্ধে অভিযোগ গঠন করেন।
    - বাদীপক্ষ প্রমাণ এবং সাক্ষী প্রদান করেন।
    - অভিযুক্তকে তার মামলা উপস্থাপনের সুযোগ দে ওয়া হয় এবং অভিযুক্তের বক্তব্য রেকর্ড করা হয় ।
    - অভিযুক্তের পক্ষ থেকে তার আইনজীবী প্রমাণ প্রদান করেন ।
    - আইনজীবী (বাদী ও বিবাদী) উভয়েই চূড়ান্ত যুক্তি পেশ করেন।
    - সমাপনী এবং চূড়ান্ত যুক্তি উপস্থাপনের পর শেষ ধাপ হল আদালতের রায় , যেখানে অভিযুক্তকে হয় খালাস করে দেওয়া হয় (যদি দোষী সাব্যস্ত না হয়) অথবা দোষী সাব্যস্ত করা হয় (যদি সে দোষী সাব্যস্ত হয়)।

| ভারতের বর্তমান ফৌজদারি বিচার ব্যবস্থায় নানা বিষয় | |
|---|---|
| বিষয়গুলি | ফলাফল |
| মামলার বিচারাধীনতা  | ন্যাশানাল জুডিশিয়াল ডেটা গ্রিড ( National Judicial Data Grid (NJDG) অনুসারে, বিচার বিভাগের বিভিন্ন স্তরে ভারতীয় আদালতে ৪.৭ কোটিরও বেশি মামলা বিচারাধীন রয়েছে। এর ফলে বিচার প্রদানে বিলম্ব হয়, দ্রুত বিচারের অধিকার লঙ্ঘিত হয় এবং ব্যবস্থার উপর জনসাধারনের আস্থা নষ্ট হয়। |





| | |
|---|---|
| সম্পদ ও অবকাঠামোর অভাব  | ফৌজদারি বিচার ব্যবস্থায় পর্যাপ্ত তহবিল, জনবল এবং সুযোগ-সুবিধা নেই। বিচারক, প্রসিকিউটার, পুলিশকর্মী, ফরেনসিক বিশেষজ্ঞ এবং আইন সহায়তা প্রদানকারী আইনজীবীর অভাব রয়েছে যা ন্যায়বিচার প্রদানে বাধা সৃষ্টি করে |
| তদন্ত ও বিচারের খারাপ মান  | তদন্ত ও বিচার সংস্থাগুলি প্রায়শই পুঙ্খানুপুঙ্খ , নিরপেক্ষ এবং পেশাদার তদন্ত পরিচালনা করতে ব্যর্থ। তারা রাজনৈতিক ও অন্যান্য প্রভাব, দুর্নীতি এবং জবাবদিহিতার অভাবের সম্মুখীন হয়। |
| মানবাধিকার লঙ্ঘন  | ফৌজদারি বিচার ব্যবস্থা প্রায়শই অভিযুক্ত , ভুক্তভোগী, সাক্ষী এবং অন্যান্য অংশীদারদের মানবাধিকার লঙ্ঘনের অভিযোগে অভিযুক্ত , হেফাজতে নির্যাতন, বিচারবহির্ভূত হত্যা, অবৈধ আটক, জোরপূর্বক স্বীকারোক্তি , অন্যায় বিচার ইত্যাদির ঘটনা রয়েছে। |
| পুরানো আইন ও পদ্বতি  | প্রযুক্তির উত্থান এবং অপরাধের ক্রমবর্ধমান জটিল প্রকৃতির সাথে সাথে , বিদ্যমান আইনগুলি অপরাধ মোকাবিলা করতে এবং ক্ষতিগ্রস্ত পক্ষকে ন্যায়বিচার নিশ্চিত করতে ব্যর্থ হয়েছে। উদাহরণ স্বরূপ,সাইবার অপরাধের জন্য উদীয়মান প্রযুক্তি এবং অপরাধ সংঘটনে তাদের সম্ভাব্য ব্যবহারের কথা মাথায় রেখে নতুন ব্যবস্থা বিধান করা প্রয়োজন । |

ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা , 2023 (**BNSS** )- **এর প্রস্তাবিত সংস্কারের তাৎপর্যঃ যুক্তি**

- এই সংস্কারের লক্ষ্য হল ফৌজদারি আইনগুলিকে আধুনিকীকর ণ এবং সরলীকরণ করা, যা পুরানো এবং জটিল , এই সংস্কার আইনগুলিকে ভারতীয় চেতনা এবং নীতির সাথে আরও সামঞ্জস্যপূর্ণ করে তুলবে এবং অপরাধ এবং প্রযুক্তির পরিবর্তিত প্রকৃতিকে প্রতিফলিত করবে ।





- এই সংস্কারগুলি তদন্ত, মামলা মোকদ্দমা এবং বিচারের সময় বৈদ্যুতিন প্রমাণ এবং ফরেনসিকের ব্যবহার বৃদ্ধি করবে।
- এই সংস্কার নাগরিকদের সংবিধানিক অধিকার যেমন জীবন, স্বাধীনতা, মর্যাদা, গোপনীয়তা এবং ন্যায্য বিচারের অধিকারের কার্যকর সুরক্ষার ব্যবস্থা করবে।




সূত্র: https://www.hindustantimes.com/india-news/understanding-the-significant-changes-in-3-criminal-law-bills-101702407120788.html

## পদ্ধতি

ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা বিল 2023 - এর আইনী যাত্রা -

- 20 ডিসেম্বর,2023: ভারতীয় নাগরিক সুরক্ষা (দ্বিতীয়) সংহিতা বিল ,2023, লোকসভায় অনুমোদন পায়।
- 21 ডিসেম্বর,2023: ভারতীয় নাগরিক সুরক্ষা (দ্বিতীয়) সংহিতা বিল ,2023, রাজ্যসভায় বাধা দূর করে।
- 25 ডিসেম্বর,2023: ভারতীয় নাগরিক সুরক্ষা (দ্বিতীয়) সংহিতা বিল ,2023, মাননীয় রাষ্ট্রপতির সম্মতি পায় এবং আইনে পরিবর্তন হয়।





## ফৌজদারি কার্যবিধি (Code of Criminal Procedure (CrPc) এবং ভারতীয় নাগরিক সুরক্ষা

| আইনের নাম | ফৌজদারি কার্যবিধি (CrPc) | ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা (BNSS) |
|---|---|---|
| প্রবর্তনের বছর | 1973 | 2023 |
| উদ্দেশ্য  | ভারতে ফৌজদারি অপরাধের তদন্ত, গ্রেপ্তার মামলা, বিচার এবং শাস্তির জন্য একটি বিস্তৃত কাঠামো প্রদান করা। | ফৌজদারি কার্যবিধি আধুনিকীকর ণ এবং সহজীকরণ, দক্ষতা বৃদ্ধি, নাগরিক অধিকারের সুরক্ষা জোরদার করা এবং আগামীতে অপরাধের মোকাবিলা করা |
| পরিধি  | রাষ্ট্র, ব্যক্তি, সম্পত্তি, সুনাম এবং ধর্মের বিরুদ্ধে অপরাধ সহ বিস্তৃত ফৌজদারি অপরাধকে অন্তর্ভুক্ত করে। | ফৌজদারি কার্যবিধি থেকে বেশিরভাগ অপরাধকে এখানে রেখে দেওয়া হয়েছে। তবে সন্ত্রাসবাদ, সংগঠিত অপরাধ এবং হত্যা বা নির্দিষ্ট কারণে একটি গোষ্ঠীর দ্বারা গুরুতর অপরাধের মতো নতুন অপরাধও যুক্ত করা হয়েছে |
| তদন্ত  | পুলিশ প্রাথমিকভাবে তদন্ত পরিচালনার জন্য দায়ী। | গুরুতর অপরাধের জন্য ফরেনসিক তদন্ত বাধ্যতামূলক (৭+ বছরের শাস্তি) |





| | | |
|---|---|---|
| সময়সীমাবদ্ধতা মূলক তদন্ত  | তদন্ত সম্পন্ন করার জন্য কোনও কঠোর সময়সীমা নেই। | সময়মত ন্যায়বিচার নিশ্চিত করতে এবং মামলার জট কমাতে তদন্ত সম্পন্ন করার জন্য নির্দিষ্ট সময়সীমা প্রবর্তন করা |
| প্রযুক্তির ব্যবহার  | তদন্তে প্রযুক্তি অন্তর্ভুক্ত করার জন্য সীমিত বিধান | দক্ষতা এবং স্বচ্ছতা বৃদ্ধি জন্য প্রমান সংগ্রহ, মামলা ব্যবস্থাপনা ডিজিটাল (Digital) তথ্য সংগ্রহে আধুনিক প্রযুক্তির ব্যবহারের উপর জোর দেয় । |
| সাক্ষী সুরক্ষা  | সাক্ষী সুরক্ষার জন্য সীমিত বিধান | সাক্ষীদের নিরাপত্তা ও নিশ্চিত করার জন্য সাক্ষী সুরক্ষা ব্যবস্থা বৃদ্ধি করে , অন্যের থেকে প্রতিশোধের ভয় ছাড়াই এগিয়ে আসতে উৎসাহিত করে |
| আক্রান্তের ক্ষতিপূরণ  | আক্রান্তের ক্ষতিপূরণের বিধান বিদ্যমান কিন্তু প্রায়শই অপর্যাপ্ত এবং অসঙ্গতভাবে প্রয়োগ করা হয়। | আক্রান্তের ক্ষতিপূরণ প্রকল্পগুলিকে শক্তিশালী করে এবং তাৎক্ষনিক এবং দীর্ঘ মেয়াদী সহায়তাসহ আরও ব্যাপক এবং সামঞ্জস্যপূর্ণ প্রয়োগ নিশ্চিত করে। |
| কিশোর বিচার  | কিশোর অপরাধীদের জন্য পৃথক পদ্ধতি বিদ্যমান কিন্তু আধুনিকীকরণের প্রয়োজন | কিশোর অপরাধীদের সাথে সম্পর্কিত পদ্ধতিগুলিকে সময়োপযোগী এবং শক্তিশালী করে, তাদের অধিকার নিশ্চিত করে এবং শাস্তির পরিবর্তে পুনর্বাসনের উপর মনোযোগ দেয় । |





| অতিরিক্ত বৈশিষ্ট্য | অপরাধগুলিকে আমলযোগ্য (গুরুতর) এবং আমলযোগ্য নয় (কম গুরুতর) অপরাধে শ্রেণীবদ্ধ করা, প্রাথমিক তদন্তের বিধান, ফৌজদারি প্রক্রিয়ায় বিভিন্ন পর্যায়ে ম্যাজিস্ট্রেটদের ভূমিকা ইত্যাদি | নারী ও শিশুদের বিরুদ্ধে অপরাধের উপর নতুন অধ্যায়, বিকল্প শাস্তি হিসেবে গন সেবা, জাতীয় নিরাপত্তা বিপন্ন করার জন্য রাষ্ট্রদ্রোহের পরিবর্তে একটি নতুন অপরাধ এবং আধুনিক প্রযুক্তির ব্যাবহার |
|---|---|---|


1973 সালের ফৌজদারি কার্যবিধির উত্তরসূ রী হিসেবে ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা 2023 (BNSS)আদালতে বিচারাধীন মামলা, আইনি ব্যবস্থায় প্রযুক্তির সীমিত ব্য বহার, তদন্ত বিলম্ব এবং ফরেনসিক পদ্ধতির অপর্যাপ্ত ব্যবহারের মতো সমস্যাগুলি কার্যকরভাবে মোকাবেলা করে ন্যায়বিচার সরবরাহ ত্বরান্বিত করার চেষ্টা করে, এই আইনের দ্বারা আনা পরিবর্তনগুলি নিম্নরূপে বিশদভাবে বর্ণনা করা হয়েছে:

- তদন্ত ও বিচারে প্রযুক্তিগত অগ্রগতি এবং বৈদ্যুতিক উপায়ের ব্যবহার - পুরাতন উপায় থেকে এই পরিবর্তন ফৌজদারি কার্যধারায় বিলম্ব হ্রাস করবে বলে আশা করা হচ্ছে।

- জিরো এফ আই আর (Zero FIR)
- BNSS - এ স্পষ্ট সময়সীমা প্রবর্তন একটি কার্যকর ফৌজদারি বিচার ব্যবস্থার দিকে একটি উল্লেখযোগ্য পরিবর্তন চিহ্নিত করে। এটি বিচার ব্যবস্থার মধ্যে স্বচ্ছতা, গ্রহনযোগ্যতা এবং ন্যায্যতা বৃদ্ধি করে।
- ক্ষতিগ্রস্থ ব্যক্তির স্বার্থ রক্ষা - BNSS এখন নির্বাচন করে যে একজন ক্ষতিগ্রস্থ ব্যক্তিকে তদন্তের অগ্রগতি সম্পর্কে অবহিত করতে হবে। এছাড়াও তাদের মামলা-মোকদ্দমা দ্বারা নির্ভরযোগ্য নথি এবং উপকরণ পাওয়ায় অধিকার রয়েছে।
- সাক্ষী সুরক্ষা প্রকল্প
- BNSS ভারতে ফৌজদারি বিষয়গুলির বিচারের জন্য আদালতের একটি শ্রেণিবিন্যাস প্রতিষ্ঠা করে।
- BNSS ধর্ষণ, অ্যাসিড আক্রমণ, সংগঠিত অপরাধ, অর্থনৈতিক অপরাধ এবং ভারতের সার্বভৌমত্ব, ঐক্য এবং অখণ্ডতাকে বিপন্নকারী কার্যকলাপের মতো অপরাধের জন্য অভিযুক্ত ব্যক্তিকে গ্রেপ্তারের সময় হাতকড়া পড়ানোর ব্যবস্থা করে।
- ফরেনসিক এবং বৈদ্যুতিন ব্যবস্থার কার্যধারার উপর গুরুত্ব আরোপ করে।
- BNSS কর্তৃপক্ষকে তদন্তের সাথে সম্পর্কিত ডিজিটাল ( Digital) তথ্যাদি বা প্রমানাবলীর সাথে যুক্ত বৈদ্যুতিন যোগাযোগের ডিভাইস (Device) গুলিকে নিজেদের অধিকারে নিতে পারে।
- সমস্ত বিচার, তদন্ত এবং আদালতের কার্যক্রম বৈদ্যুতিন মাধ্যমে অনুষ্ঠিত হতে পারে।

### জিরোএফআইআর (Zero FIR) কি?

BNSS বিশেষভাবে যেকোনো থানায় FIR নথিভুক্ত করার অনুমতি দেয়, যতদূর পর্যন্ত আমলযোগ্য (গুরুতর) অপরাধের ক্ষেত্রে অর্থাৎ অপরাধটি যে এলাকাতে সংঘঠিত হয়ে থাক না কেনো। এটি বাধ্যতামূলক ভাবে 15 দিনের মধ্যে সেই থানায় স্থানান্তর করা হবে যারএক্তিয়ার মধ্যে অপরাধটি সংঘঠিত হয়েছে।




উৎসঃ https://x.com/lawlearners-status/1476057068645748739

### এফ আই আর এবং জিরো এফ আই আর - এর মধ্যে পার্থক্য কী?

সাধারণত, অপরাধস্থলের এক্তিয়ার থানায় এফ আই আর দায়ের করতে হয়। তবে জরুরি এবং গুরুতর আমলযোগ্য অপরাধের (যেমন ধর্ষন, খুন ইত্যাদি) ক্ষেত্রে, সময় নষ্ট না করার জন্য, যে কেউ যে কোনো থানায়, যে কোনো এক্তিয়ার নির্বিশেষে, একটি জিরো এফ আই আর নথিভুক্ত করতে পারেন।






**1973 সালের ফৌজদারি কার্যবিধি (Code of Criminal Procedure (CrPc) কী ছিল?**

CrPc - তে গ্রেপ্তার, মামলা এবং জামিনের পদ্ধতির জন্য ব্যবস্থা করেছিল।1973 সালের ফৌজদারি কার্যবিধি (CrPc) ছিল ভারতীয় দন্ডবিধি,1860 (IPC) পরিচালনার জন্য প্রতিষ্ঠিত একটি পদ্ধতিগত আইন। এটি অপরাধের তদন্ত; গ্রেপ্তার মামলা এবং জামিনের পদ্ধতি নিয়ন্ত্রণ করে। ভারতে আইনি ব্যবস্থায় বহুবিধতার সমস্যা সমাধানের জন্য CrPc, প্রথম 1861 সালে পাশ করা হয়েছিল।1973 সালে, আইনটি বাতিল করা হয়েছিল এবং সংশোধিত PC দ্বারা প্রতিস্থাপিত হয়েছিল।2005 সালে নতুনভাবে পরিমার্জন করার জন্য এদিকে আবার সংশোধন করা হয়েছিল।

ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা (BNSS) - এর উদ্দেশ্য হল সুশাসন এবং দক্ষ বিচার ব্যবস্থা , নাগরিক কেন্দ্রিক নতুন ফৌজদারি কার্যবিধি, তদন্তে প্রযুক্তি এবং ফরেনসিক বিজ্ঞানের ব্যবহার ,আক্রান্তদের সহায়তার ব্যবস্থা করা এবং মানবাধিকার সুরক্ষা করা।



# Curtains on IPC, CrPC as new criminal laws kick in

HT Correspondent

NEW DELHI: The Indian Penal Code (IPC), Code of Criminal Procedure (CrPC) and Indian Evidence Act, the British-era laws that formed the basis of the criminal justice system of the country for over 150 years ...

when the three new criminal laws brought by the National Democratic Alliance (NDA) led by Prime Minister Narendra Modi come into force.

Police and central agencies will start registering cases under the Bharatiya Nyaya Sanhita (BNS), which replaces the IPC, from Monday and follow procedures related to arrests, filing of charge sheets, collecting of evidence, recording of statements, etc according to the Bharatiya Nagarik Suraksha Sanhita (BNSS) and the Bharatiya Sakshya Adhiniyam (BSA). BNSS and BSA replace the CrPC and the Indian Evidence Act, respectively.

## Major overhaul for India's criminal laws

Indian Penal Code (IPC), 1860 — REPLACED BY — Bharatiya Nyaya Sanhita. It will have 358 sections (instead of 511 sections in IPC)

Code of Criminal Procedure (CrPC), 1973 — REPLACED BY — Bharatiya Nagarik Suraksha Sanhita (BNSS). It will have 531 sections (instead of 484 sections in CrPC)

Indian Evidence Act, 1872 — REPLACED BY — Bharatiya Sakshya Adhiniyam (BSA). It will have 170 sections (instead of 166 sections in IEA)

## Sections we're used to will now become...

| IPC SECTION | CRIME | BNS SECTION | UNDER BNS... |
|---|---|---|---|
| 124A | SEDITION | 152 | 124 prescribes to [illegible] |
| 302 | MURDER | 101 | 302 prescribes to [illegible] |
| 354 | ASSAULT OR CRIMINAL FORCE TO WOMAN TO OUTRAGE HER MODESTY | 74 | 354: [illegible] |
| 376 | RAPE | 63 | 376 does not exist under BNS |
| 144 | UNLAWFUL ASSEMBLY | 189 | 144 prescribes to [illegible] |
| 420 | CHEATING AND DISHONESTLY INDUCING DELIVERY OF PROPERTY | 318 | 420 does not exist under BNS |

উৎসঃ Hindustan Times Newspaper

1.'অপরাধ' শব্দটির অর্থ কী?

**শিক্ষাবিদ্যা:** দলগত অনুশীলন

**শিক্ষার লক্ষ্য:** ফৌজদারি অপরাধ কী?

**বিষয়টির উপর শ্রেণিগত আলোচনা** - মানুষ কেন অপরাধ করে?

সর্বশেষে বলা যেতে পারে যে অপরাধকে দন্ডবিধি লঙ্ঘন করে একটি ইতিবাচক বা নেতিবাচক কাজ যা রাষ্ট্রের বিরুদ্ধে অপরাধ হিসাবে সংজ্ঞায়িত করা হয়েছে। ব্রিটানিকা অনুসারে, অপরাধকে একটি ইচ্ছাকৃত বেআইনি কাজ হিসাবে সংজ্ঞায়িত করা হয়েছে যা আইন দ্বারা নিষিদ্ধ এবং শাস্তিযোগ্য উভয়ই।এর মধ্যে রয়েছে - হত্যা, ধর্ষণ, অপহরণ, জোর পূর্বক অর্থ আদায় ইত্যাদি। বয়স , লিঙ্গ, বর্ণ, শ্রেনি, শিক্ষা, অভিভাবকের শিক্ষাগত যোগ্যতা, এবং আর্থিক অবস্থা, অক্ষমতা এবং আয়ত্ত অনেক কিছুর মতো নানা পরস্পর সম্পর্কিত দুর্বলতার কারণে অপরাধ সংঘটিত হতে পারে।

উদ্দেশ্য (Objective) হল শিশুদের অপরাধী এবং অপরাধমূলক কার্যকলাপ থেকে সমাজকে রক্ষা করার গুরুত্ব বোঝানো এবং নাগরিকদের একটি মর্যাদাপূর্ণ , নিরাপদ এবং সুরক্ষিত জীবনযাপনের অধিকার প্রদান করা।

2. **শিক্ষাবিজ্ঞান BNSS - এর উপর দলগত আলোচনা**

**উদ্দেশ্য:**

- BNSS - এর মূল বৈশিষ্ট্যগুলি বোঝা
- BNSS - এর সাথে CrPc - এর তুলনা করা।
- ভারতে ফৌজদারি বিচার ব্যবস্থার উপর BNSS - এর সম্ভাব্য প্রভাব মূল্যায় ন করা।
- BNSS - এর বাস্তবায়নের সমস্যা এবং সুযোগগুলি নিয়ে আলোচনা করা।

**অংশগ্রহণ কারীরা:**

- মডারেটর - আলোচনাকে সহজ করে, এটিকে নির্দিষ্ট পথে চালিত করে এবং এবং সকল অংশগ্রহণকারীর কথা বলার সুযোগ নিশ্চিত করে।
- অংশগ্রহণকারী : সুনির্দিষ্ট আলোচনার জন্য শিক্ষার্থী অথবা অংশগ্রহণকারীদের ছোট ছোট দলে ভাগ করা।





গঠন:

মোডারেটরের দ্বারা উপস্থাপিত ভূমিকা (5 মিনিট)

- BNSS এবং তার উদ্দেশ্য সম্পর্কে সংক্ষিপ্ত বিবরন
- দলগত আলোচনার উদ্দেশ্য
- আলোচনার বিন্যাস এবং নিয়মের রূপরেখা।

আইসব্রেকার (Icebreaker) -(5 মিনিট) - প্রতি অংশগ্রহণকারী নিজেদের পরিচয় দেবে এবং BNSS - সম্পর্কে তারা যা জানে বা শুনেছে তার সম্পর্কে তথ্য বিনিময় করবে।

**আলোচনায় মূল বিষয়বস্তু (30-45মিনিট)**

**বিষয় 1: আধুনিকীকরণ এবং প্রাসঙ্গীকতা**

- BNSS কীভাবে ফৌজদারি বিচার ব্যবস্থাকে আধুনিকীকরণ এবং প্রাসঙ্গিক করে তোলে CrPcতুলনায়?
- BNSS - সংযুক্ত নতুন বিষয়গুলি কী প্রয়োজনীয় এবং পর্যাপ্ত ?

**বিষয় 2: ক্ষতিগ্রস্তের অধিকার ও সুরক্ষাঃ**

- BNSS - এর ক্ষতিগ্রস্তের অধিকার ও সুরক্ষায় ব্যপারে নতুন কী কী ধারা যুক্ত হয়েছে ?
- এর সাথে CrPc - এর তুলনা কীভাবে করা যায়? ক্ষতিগ্রস্তদের সহায়তা প্রদানে কি এগুলোকে কার্যকর করা যাবে?

**বিষয় 3: প্রযুক্তির ব্যবহার ও তার নির্ভরযোগ্যতাঃ**

- BNSS কি প্রক্রিয়াগুলিকে সহজতর করে সাধারন বিচার ব্যবস্থায় বিলম্ব কমায়?
- BNSS - এ প্রযুক্তির ভূমিকা এবং প্রক্রিয়ার দক্ষতা এবং স্বচ্ছতার উপর এর সম্ভাব্য প্রভাব আলোচনা কর।

**বিষয় 4: দায়িত্ব এবং স্বচ্ছতা**

- আইন প্রয়োগে বৃহত্তর দায়বদ্ধতা এবং স্বচ্ছতা নিশ্চিত করার জন্য BNSS কী ব্যবস্থা গ্রহণ করে?
- ক্ষমতার অপব্যবহার রোধে কী কী পদক্ষেপ কার্যকর হতে পারে?

**বিষয় 5: বাস্তবায়নের সমস্যা**

- BNSS - এর বাস্তবায়নের জন্য সম্ভাব্য সমস্যাগুলি কী কী?
- কীভাবে এই সমস্যাগুলির সমাধানের মাধ্যমে CrPcথেকে BNSS - এ সহজে পরিবর্তিত করা যেতে পারে?
- প্রত্যেকটি গ্রুপ (কম সংখ্যায়) তাদের দৃষ্টিভঙ্গী আলোচনা করবে এবং প্রধান / মূল বিষয়ে উপর আলোকপাত করবে।
- প্রশ্ন উত্তর ও প্রতিক্রিয়া (প্রত্যেক দল থেকে এবং মোডারেটর থেকে)







**ওপেন ফ্লোর আলোচনা (Open Floor Discussion) (10 মিনিট)**

অংশগ্রহনকারীরা BNSS সম্পর্কে অতিরিক্ত যে কোনো বিষয়, প্রশ্ন বা চিন্তাভাবনা উত্থাপন করতে পারেন যা মূল বিষয়গুলিতে অন্তর্ভুক্ত ছিল না।

**মোডারেটরের দ্বারা উপসংহার (5 মিনিট)**

- আলোচিত মূল বিষয়গুলি নিয়ে সংক্ষিপ্তকরণ ।
- কোনো ঐক্যমত বা ভিন্ন দৃষ্টিভঙ্গিতে পৌঁছানো হয়েছে তা তুলে ধরা ।
- অংশগ্রহনকারীদের BNSS - এর নতুন ধারণা সম্পর্কে আলোচনা চালিয়ে যেতে উৎসাহিত করা ।

**অনুসৃত আলোচনা**

**আধুনিকীকরণ এবং প্রাসঙ্গিক তা**

- BNSS - এ কোন নির্দিষ্ট আইন ও পদ্ধতি নতুনভাবে সংযোজিত হয়েছে ?

**ক্ষতিগ্রস্তদের ব্যক্তির অধিকার ও সুরক্ষা**

শিক্ষার্থীরা কি BNSS - এর মূল পরিবর্তনগুলি শনাক্ত করতে পারে যা ক্ষতিগ্রস্তদের কি BNSS অধিকার বৃদ্ধি করে?

- এই পরিবর্তনগুলি ফৌজদারি বিচার ব্যবস্থার মধ্যে ক্ষতিগ্রস্তদের অভিজ্ঞতাকে কিভাবে প্রভাবিত করতে পারে ?

**পদ্ধতিগত দক্ষতা এবং প্রযুক্তির ব্যবহার**

- ফৌজদারি বিচার ব্যবস্থায় প্রযুক্তি কীভাবে কার্যকরভাবে ব্যবহার করা যেতে পারে?

**দায়িত্ববোধ ও স্বচ্ছতা**

- আইন প্রয়োগকারি সংস্থার উপর জনসাধারণের আস্থা কীভাবে এই প্রক্রিয়াগুলি উন্নত করতে পারে?

**বাস্তবায়নের মোকাবিলা**

- BNSS সফলভাবে বাস্তবায়নে কী ধরনের প্রশিক্ষণ এবং সম্পদ প্রয়োজন হবে?





**অংশগ্রহণকারীদের প্রস্তুতি**

- BNSS - এর মূল বৈশিষ্ঠ্যগুলির সারসংক্ষেপ এবং CrPc - এর সাথে এর তুলনা করতে হবে।
- উদাহরণ বা কেস স্টাডি সম্পর্কে চিন্তা করতে হবে যেখানে বিসম্ব বা ক্ষতিগ্রস্তদের সহায়তার অভাব গুরুত্বপূর্ন সমস্যা হয়ে দাঁড়িয়েছে
- BNSS বাস্তবায়ন সম্পর্কে সম্ভাব্য প্রশ্ন বা ধারণা বিবেচনা করতে হবে

এর লক্ষ হল BNSS - এর উপর একটি বিস্তৃত এবং আকর্ষনীয় আলোচনা প্রদান করা যা শিক্ষার্থীদের ভারতীয় ফৌজদারি বিচার ব্যবস্থার উপর তাৎপর্য এবং সম্ভাব্য প্রভাব বুঝতে সাহায্য করে

**3. কিশোর ন্যায়বিচার কি? (বিশেষ দৃষ্টি দিতে হবে আইনের সাথে সংঘাতে যাওয়া শিশুদের উপর)**

**শিক্ষাবিদ্যা:** প্রারম্ভিক প্রশ্ন

**শিক্ষণের লক্ষ্য:** কিশোর ন্যায়বিচারের ধারণা, কেন এবং কীভাবে শিশুদের সাথে প্রাপ্তবয়ষ্কদের থেকে আলাদা করা উচিত তা স্থির করা।

**জিজ্ঞাসা** - 'শৈশব' বলতে কোন শব্দগুলো মনে আসে?

**তাদের তাৎক্ষনিকভাবে প্রতিক্রিয়াগুলি বোর্ডে তালিকাভুক্ত করতে হবে।**

**সাধারন প্রতিক্রিয়া:** নির্দোষ, খেলাধুলা, স্বাধীনতা, দুষ্টুমি ইত্যাদি এই সিদ্ধান্তে উপনীত হতে হবে যে একটি শিশুর কাছ থেকে প্রত্যাশা প্রাপ্তবয়ষ্কদের প্রত্যাশার মতো নয়।

**জিজ্ঞাসা** করতে হবে - সে কি আজ এমন কিছু কাজ করেছে যা নিয়ে সে গর্বিত নাও হতে পারে ?

তাদের ভাবতে কয়েক মিনিট সময় দিতে হবে।

দু-একজন অংশগ্রহণকারীকে নির্বাচনের ভিত্তিতে প্রতিক্রিয়া জানাতে বলতে হবে।

এই সিদ্ধান্তে উপনীত হতে হবে যে আমরা সকলেই শিশুর মত ভুল করি, প্রাপ্তবয়ষ্ক হিসাবে যেগুলির পুনরাবৃত্তি করায় আশা করা হয় না। ভুল করা স্বাভাবিক এবং সম্ভবত কাম্য কারণ ভুলগুলি জীবনের শিক্ষা যা আমাদের বেড়ে উঠতে এবং বিকাশে সাহায্য করে।

**জিজ্ঞাসা** করতে হবে সেই কাজের পরিণতি কী হয়েছিল?

সাধারন প্রতিক্রিয়াগুলি যেমন 'চড় মারা', তিরস্কার, সহায়তা দান ইত্যাদি সাধারণ প্রতিক্রিয়াগুলির তালিকা তৈরি করতে হবে। এই সিদ্ধান্তে উপনীত হতে হবে যে আমাদের শৈশবের করা ভুলের জন্য জেলে পাঠানো হয় না অথবা পুলিশের হাতে তুলে দেওয়া হয় না। আমাদের দ্বিতীয় সুযোগ পাওয়া দরকার শেখার জন্য , ক্ষমার জন্য, কেবল শিশু হওয়ার কারণ।





**জিজ্ঞাসা** করতে হবে - শিশুরা প্রাপ্তবয়স্কদের থেকে কীভাবে আলাদা?

এই সিদ্ধান্তে উপনীত হতে হবে যে শিশুরা মানসিক ও শারীরিক পরিপক্কতা, সীমিত জীবন অভিজ্ঞতা এবং বিশ্ব দৃষ্টিভঙ্গিতে প্রাপ্তবয়স্কদের থেকে আলাদা যদিও আমরা প্রায়শই তাদের ক্ষমতাকে অবমূল্যায়ন করতে পারি । প্রতিটি শিশু অনন্য এবং তাদের একটি অনন্য বৃদ্ধি এবং বিকাশের পথ রয়েছে ।

**জিজ্ঞাসা** করতে হবে প্রাপ্তবয়স্কদের থেকে আলাদা হওয়ায় শিশুদের কী কী সুরক্ষা এবং অনাক্রম্যতা (immunities) দেওয়া উচিত?

হাতকড়া বা জেলে না নিয়ে যাওয়া বা মিডিয়াতে কোনও খারাপ প্রচার না করার মত সাধারণ প্রতিক্রিয়াগুলিকে তালিকাভুক্ত করতে হবে।

এই সিদ্ধান্তে উপনীত হতে হবে যে তাদের বিকাশের সুযোগ বেড়ে ওঠার জন্য একটি অনু কূল পরিবেশ। জাতি গঠনে অর্থপূর্ণ অবদান রাখতে সক্ষম একজন যোগ্য নাগরিক হিসাবে গড়ে ওঠার প্রয়োজন। এর মধ্যে রয়েছে স্বাস্থ্য, শিক্ষা, পরিবার থেকে ভালবাসা এবং যত্ন, শোষণ এবং নির্যাতন থেকে সুরক্ষা ।

## প্রত্যাশিত ফলাফল

মডিউলের শেষে, শিক্ষার্থীরা সক্ষম হবেঃ

- এই ভারতের ফৌজদারি পদ্ধতিগত ব্যবস্থার মূলনীতিগুলির পর্যাপ্ত ধার ণা প্রদর্শন করতে।
- বাস্তব জীবনে মামলার প্রাসঙ্গিক আইনগত বিধান এবং আইনি নীতিগুলির বাস্তব প্রয়োগ করতে।
- একটি সুশৃঙ্খল সমাজের সম্পূ র্ণ অস্তিত্ব নির্ভর করে তার ফৌজদারি বিচার ব্যবস্থায় সুষ্ঠু এবং দক্ষ কার্যকারিতার উপর। দেশের আইনকে পরিবর্তনশীল সময়ের চাহিদা এবং অপরাধের জটিলতার প্রকৃতির সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।





## পদের শব্দকোষ

| Abbreviation | Full Form |
|---|---|
| BNSS | Bharatiya Nagarik Suraksha Samhita, 2023 |
| BNS | Bharatiya Nyaya Samhita, 2023 |
| BSA | Bharatiya Sakshya Adhiniyam, 2023 |
| CrPc | Code of Criminal Procedure |
| FIR | First Information Report |
| IEA | Indian Evidence Act |
| IPC | Indian Penal Code |
| SC | Supreme Court |
| HC | High Court |
| NCERT | National Council of Educational Research and Training |
| NHRC | National Human Rights Commission |
| NEP | National Education Policy |
| SDG | Sustainable Development Goal |

## অভিভাবকদের জন্য বার্তা

এই মডিউলের উদ্দেশ্য হল অভিভাবক এবং সকল অংশীদারদের এই বিষয়ে সচেতন করা, যে আইনের কাজ হল সমাজে আইন শৃঙ্খলা বজায় রাখা এবং নিশ্চিত করা যে , মানুষ শান্তি ও সম্প্রীতির সাথে বসবাস করতে পারে এবং তাদের নিজ নিজ লক্ষ্য অর্জন করতে পারে এবং ফৌজদারি বিচার ব্যবস্থায় BNSS দ্বারা প্রবর্তিত সংস্কারের গুরুত্ব বোঝে।

1. BNSS পুলিশকে একটি ফৌজদারি মামলা তদন্ত করার ক্ষমতা দেয় । তদন্ত BNSS এর বিধান অনুসারে পরিচালিত হয় এবং তদন্ত পরিচালনা করার সময় পুলিশকে নির্দিষ্ট পদ্ধতি এবং নির্দেশিকা অনুসরণ করতে হয় ।
2. BNSS বিভিন্ন স্তরে, ফৌজদারি আদালত প্রতিষ্ঠার ব্যবস্থা করে যেমন ম্যাজিস্ট্রেট আদালত, দায়রা আদালত এবং হাইকোর্ট। প্রতিটি আদালতের নিজস্ব প্রতিক্রিয়ার রয়েছে এবং প্রতিক্রিয়ার অপরাধের প্রকৃতি এবং গুরুত্ব দ্বারা নির্ধারিত হয়।
3. BNSS অভিযুক্তদের অধিকার প্রদান করে যেমন আইন প্রতিনিধিত্বে র অধিকার, ন্যায্য বিচারের অধিকার এবং তাদের বিরুদ্ধে অভিযোগ সম্পর্কে অবহিত হওয়ার অধিকার। এই অধিকারগুলি ভারতের সংবিধানে অন্তর্ভুক্ত এবং ফৌজদারি বিচার ব্যবস্থার অপব্যবহারের বিরুদ্ধে একটি গুরুত্বপূ র্ন সুরক্ষা।
4. BNSSফৌজদারি মামলার বিচারের জন্য পদ্ধতি প্রদান করে। অভিযুক্তকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দেওয়া হয় । আদালত কর্তৃক রায় ঘোষনার মাধ্যমে বিচার সম্পন্ন হয়।



## গ্রন্থপঞ্জি


CBSE (2019) Handbook for Teachers. Delhi: Secretary, CBSE.

NCERT (2020)Training and Resource Material. New Delhi: Secretary, NCERT.
https://prsindia.org/billtrack/the-bharatiya-nagarik-suraksha-second-sanhita-2023

The Code of Criminal procedure, 1973.

The Code of Criminal Procedure (Amendment) Act, 2005.

AIR 1997 SC 610, D.K. Basu v. State of West Bengal, Supreme Court, December 18, 1996, 1979 AIR 1360, HussainaraKhatoon v. State of Bihar, Supreme Court, February 12, 1979.

Report No. 78, Law Commission of India, 1979.

Report No. 273, Law Commission of India, 2017.

Report No. 247, 'the BharatiyaNagarikSurakshaSanhita', Standing Committee on Home

Affairs,November10, 2023.

'Guidelines regarding Arrest', National Human Rights Commission.

PressInformationBureau,PressReleasefromtheMinistryofHomeAffairs,Dated-20-10-2023.

Availableat:https://pib.gov.in/PressReleaseIframePage.aspx?PRID=1988913
http://www.scconline.com/DocumentLink/4ZL1J8Y1

Criminal Manual, First Edition 2024, Eastern Book Company.






राष्ट्रीय शैक्षिक अनुसंधान और प्रशिक्षण परिषद्
NATIONAL COUNCIL OF EDUCATIONAL RESEARCH AND TRAINING